# সংবাদ

তারিখ 12 MAY 2003
পৃষ্ঠা ১ কলাম ৭

অর্থবছর শেষ হওয়ার পথে

## নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হয়নি

সংসদ বার্তা পরিবেশক ঃ চলতি অর্থবছর শেষ হতে আর এক মাসের মতো বাকি। অথচ এ অর্থবছরে এখন পর্যন্ত নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়নি। অন্যদিকে গত বছর এসএসসি পরীক্ষায় শতকরা একভাগ শিক্ষার্থী পাস না করায় এ পর্যন্ত সাড়ে তেরশ' স্কুলকে কেন এমপিওভুক্তি বাতিল করা হবে না, এ মর্মে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। চলতি বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-

হয়নি ঃ পৃঃ ২ কঃ ৭

### হয়নি ঃ এমপিওভুক্ত

( ১ম পৃষ্ঠার পর )

কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ একশ' ভাগে উন্নীত হচ্ছে না। এ ছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের নতুন নীতিমালা তৈরি হচ্ছে। রোববার জাতীয় সংসদের অধিবেশনে বিভিন্ন প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের দেয়া উত্তর থেকে এ তথ্যগুলো পাওয়া যায়।

আওয়ামী লীগ সদস্য মির্জা আজমের পক্ষে কৃষক শ্রমিক জনতা লীগের কাদের সিদ্দিকী উত্থাপিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদেক জানান, চলতি অর্থবছরে নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এখন পর্যন্ত এমপিওভুক্ত করা হয়নি। চলতি অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এ সংক্রান্ত একটি সম্পূরক প্রশ্নের জবাবে তিনি জানান, চলতি অর্থবছর শেষ হওয়ার আগেই এমপিওভুক্তির কাজ শেষ করার বাধ্যবাধকতা আছে। এ কারণে চলতি বছরের মধ্যেই এমপিওভুক্তির কাজ শেষ হবে।